পরশুরাম উপজেলা পরিষদ
পরশুরাম, ফেনী

## জানুয়ারি, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব কামাল উদ্দিন মজুমদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
সভার স্থান ঃ উপজেলা পরিষদ খোকা মিয়া মিলনায়তন
তারিখ ও সময় ঃ ২৪ জানুয়ারি ২০২২, দুপুর ১২:৩০ ঘটিকা
উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' ও খ'তে সংযোজন করা হলো

সভাপতি প্রারম্ভে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | দপ্তর/ বিভাগ | আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সবল সদস্যের সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। |
| ১ | স্বাস্থ্য অফিস | উপজেলা স্বাস্থ্য ও প পঃ কর্মকর্তা সভায় জানান, নভেম্বর/২০২১ খ্রিঃ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হাসপাতাল ও মাঠ পর্যায়ের বিভিন্ন বিভাগ/ইউনিটের কাজের অগ্রগতি যথাক্রমেঃ ১। ইপিআই ঃ মোট টিকা প্রাপ্ত শিশুর সংখ্যা ১১১৫ জন এবং টিকা প্রাপ্ত মহিলার সংখ্যা ৬৫৬ জন। ২। কমিউনিটি ক্লিনিক ঃ পরশুরাম উপজেলাধীন ০৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় চালুকৃত ১২টি কমিউনিটি ক্লিনিকে মোট ৩৯৬৬ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৩। জরুরি বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬৩৬জন। ৪। বহিঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৬০১জন। ৫। আন্তঃ বিভাগ ঃ ভর্তিকৃত রোগীর সংখ্যা ৪৬৯জন। ৬। বেড অকুপেন্সি রেট ঃ শয্যা সংখ্যা ৫০%, বেড অকুপেন্সি রেট ৮২% ৭। নরমাল ডেলিভারির সংখ্যা ঃ ৬৫টি। ৮। এ,আর, আই রোগীর সংখ্যা ১২৫ টি। ০৯। জখমী সনদ প্রদান ০৬টি। ১০। মাইনর অপারেশনের সংখ্যা ২২১ টি। ১১। ভিএজসি সেবা ০২ জন। ১২। উপ-স্বাস্থ্য কেন্দ্রসমূহে রোগীর সংখ্যা ৬৯৮জন। ১৩। ডায়রিয়া রোগীর সংখ্যা ১৪৫ জন। ১৪। প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষার সংখ্যা ৩২৪জন। ১৫। ইসিজি পরীক্ষার সংখ্যা ঃ ৪৬টি। ১৬। নভেম্বর/২০২১ খ্রি মাসে এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন এবং ইউজার ফি আদায় বাবদ মোট ৪১,১৪৩/- (একচল্লিশ হাজার একশত তেতাল্লিশ) টাকা মাত্র সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br>__করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্তঃ__ করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রমে সরকার কর্তৃক ঘোষিত ও নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়নে পরশুরাম উপজেলা স্বাস্থ্য বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এই পর্যন্ত অত্র উপজেলা হতে ৪৬৭৩ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ৪৮৪৯ জনের পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। উক্ত ফলাফলে স্বাস্থ্য বিভাগে কর্মরত ১৪ জনসহ মোট ১০৬০ জনের পজিটিভ রিপোর্ট পাওয়া গিয়েছে। সংক্রমনকৃত রোগীদেরকে জাতীয় গাইডলাইন ও নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হচ্ছে। ইতিমধ্যে স্বাস্থ্য বিভাগের ১৪ জনসহ মোট ১০৫৩ জন সুস্থ্য হয়েছে, ০৭ জন মৃত্যুবরন করেন।<br>__কোভিড-১৯ ভ্যাকসিনেশান কার্যক্রমঃ__ কোভিড-১৯, প্রতিরোধে সাইনোফার্মা/এ্যাস্ট্রেনজেনেকা ১ম ও ২য় ডোজ টিকাদান কার্যক্রম চলিতেছে এবং ইউনিয়ন পরিষদ কেন্দ্রেসহ সকল কমিউনিটি ক্লিনিকে উর্ধতন কর্তৃপক্ষের নির্ধারিত বিভিন্ন সময়ে গনটিকা অনুষ্ঠিত হচ্ছে। এযাবত ৪১৯৪৮ জনকে ১ম ডোজ এবং ২৭৮৯১ জনকে ২য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। সকলে নিবন্ধন সম্পন্ন করতঃ মেসেজ প্রাপ্তি স্বাপেক্ষে টিকা গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে।<br>__জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন পালন সংক্রান্তঃ__ আগামী ১১ ডিসেম্বর ২০২১ হইতে ৪ দিন ব্যাপি জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হতে যাচ্ছে। অত্র উপজেলার ৩টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১০৩টি টিকা কেন্দ্রে উপস্থিতির মাধ্যমে ৬-১১ মাস বয়সী সকল শিশুকে ১টি করে নীল রঙ্গের ভিটামিন-এ ক্যাপসুল (১ লক্ষ আই, ইউ) এবং ১২-৫৯ মাস বয়সী সকল শিশুকে ১টি করে লাল রঙ্গের ভিটামিন 'এ' ক্যাপসুল (২লক্ষ আই,ইউ) খাওয়ানো হবে। এছাড়া জন্মের ১ ঘন্টার মধ্যে শিশুকে শালদুধ খাওয়ানোসহ প্রথম ৬ মাস শিশুকে শুধুমাত্র মায়ের দুধ খাওয়ানো এবং শিশুর বয়স ৬ মাস পূর্ণ হলে মায়ের দুধের পাশাপাশি ঘরে তৈরী পরিমানমত সুষম খাবার খাওয়ানোর বিষয়ে পুষ্টি বার্তা প্রচার করা হবে। উক্ত কর্মসূচী সকলের অভগতির লক্ষে বাড়ি বাড়ি আইপিসি, মসজিদ বার্তা ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারনা চালানো হইতেছে, জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন সফল বাস্তবায়নের লক্ষে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা যাচ্ছে। |
| ২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) এর আওতায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হইতে প্রকল্পের তালিকা পাওয়া যায়। সেই প্রেক্ষিতে প্রাক্কলন এর কাজ চলিতেছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br><br>বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, পরশুরাম, ফেনী। |

| | | |
|---|---|---|
| ৩ | কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, যে রোপা আমন আবাদ লক্ষ্য মাত্রা ও অর্জনঃ ৫৮৫০.০ হেঃ, অর্জিত ৫৮৫৫.০ হেঃ, রবি মৌসুমে সরিষা, ভুট্টা সূর্যমুখী, মুগ, চীনাবাদাম, মসুর গম ফসলে ৫৮০ জন কৃষকের মাঝে প্রনোদনার বীজ ও সার বিতরণ কার্যক্রম চলমান। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলমান। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৪ | প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, ডিসেম্বর/২০২১ খ্রি মাসে প্রাণিসম্পদ বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম যথাক্রমেঃ গবাদি পশুর চিকিৎসা- ১৪০০ টি, হাঁস-মুরগীর চিকিৎসা- ৫৭৫০ টি, কৃত্রিম প্রজনন-৭৪ টি, দুধ উৎপাদন ৬৬৭ মেঃ টন, মাংস উৎপাদন-৩৩৯ মেঃ টন, হাঁস-মুরগীর ডিম উৎপাদন- ৯.৫০ লক্ষ। গবাদি পশুর টিকা প্রদান-২০৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান-২৪২০০ মাত্রা। এছাড়াও উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পার্শ্ববর্তী বর্ডার দিয়ে, যাতে কোন প্রকার গবাদিপশু প্রবেশ করতে না পারে সে জন্য বিজিবি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান। বাস্তবায়নেঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা। |
| ৫ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৬ | খাদ্য নিয়ন্ত্রণ অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৭ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মোবাইল কোর্ট পরিচালনা ও মৎস্য চাষি র‍্যালি করা হয়। পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান এবং হাট-বাজার পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা সমবায় কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৯ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, স্কুল, মাদ্রাসা ও কারিগরী প্রতিষ্ঠানের শীতকালীন খেলাধুলা চলমান আছে, তবে কোভিট-১৯ আক্রান্ত বৃদ্ধি পাওয়ার কারণে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রমে বন্ধ আছে। শীতকালীন খেলাধুলা আপাতত স্থগিত আছে। অনলাইন ক্লাস চলমান আছে। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১০ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অন্যান্য বছরের মত এবছরও বই বিতরণ কার্যক্রম ১ জানুয়ারি পরশুরাম উপজেলাধীন সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। তবে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিতে বিদ্যালয়সমূহে শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। তবে ব্লেন্ডেড রুটিন অনুযায়ী সংসদ বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারে পূর্ব নির্ধারিত রুটিন অনুযায়ী পাঠদান কার্যক্রম চলমান রয়েছে এবং এর পাশাপাশি বিদ্যালয়সমূহকে গুগল মিট এবং সুবিধাজনক যে কোন অনলাইন মাধ্যমে অধিক সংখ্যক শিক্ষার্থীকে সংযুক্ত করে পাঠদান করার নির্দেশনা রয়েছে এবং অত্র পরশুরাম উপজেলার বিদ্যালয়সমূহে অনলাইন পাঠদান চলমান রয়েছে। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। বাস্তবায়নেঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১১ | বিআরডিবি অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। সদস্য ভর্তি মাসে ১০ জন বছরে ১৯০ জন সর্বমোট ২৫২৯ জন। ২। প্রশিক্ষন মাসে ০ বছরে ৪০ জন সর্বমোট ৮০০ জন। ৪। প্রাথমিক সমিতি/দল গঠন মাসে ০টি বছরে ০৫টি সর্বমোট ২১৯টি। ৩। প্রশিক্ষন মাসে ০ বছরে ৪০ জন সর্বমোট ৮০০ জন। ৪। প্রাথমিক সমিতি অডিট মাসে ০৫টি বছরে ৪০টি সর্বমোট ১২৬১টি। ৫। সঞ্চয় আদায় মাসে ০.৮৭ বছরে ৯.৫০ সর্বমোট ৮৫.৫৪। ৬। শেয়ার আদায় মাসে ০.১৯ বছরে ০.৪০ সর্বমোট ১১.৯৪। ৭। ঋণ বিতরণ মাসে ২০.৫৫ বছরে ১৭২.০৯ সর্বমোট ৪৯৪০.৪১ ৮। ঋণ আদায় মাসে ২১.৮৫ বছরে ১১৫.৬১ সর্বমোট ৪৬০৯.২৯। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সন্তোষজনক।<br>বাস্তবায়নেঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ১২ | বন অফিস | উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভায় জানান যে, ২০০৮-০৯ সালে ব্যক্তি উদ্যোগে সৃজিত পরশুরাম উপজেলাধীন পশ্চিম অলকা আর্মি খলিলের বাড়ি হইতে আলতাফ আলীর বাড়ি নোয়াপুর রেজিঃ প্রাথমিক বিদ্যালয় ধনীকুন্ডা কালিবাজার পাকা সড়ক ১.০ কিঃমিঃ বাগান মেয়াদ উত্তীর্ন হওয়ায় নষ্ট হয়ে যাচ্ছে। তাই সামাজিক বনায়ন বিধিমালা মোতাবেক বিক্রি করে শেয়ার বন্টন করে উক্ত স্থানে পুনঃরায় বনায়ন করা প্রয়োজন। অনন্তপুর মডেল হাইস্কুল হইতে বাঁশপদুয়া সড়কের অংশ পরশুরাম উত্তর বাজারে ঝুঁকিপূর্ন গাছগুলো মেয়াদ উত্তীর্ন হওয়ায় নষ্ট হয়ে যাচ্ছে। তাই গাছ গুলো নিলামে বিক্রি করা প্রয়োজন। সিদ্ধান্ত : বন বিভাগ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |

| | | |
|---|---|---|
| ১৩ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম স্বাভাবিক। |
| ১৪ | শিশু বিষয়ক বিভাগ | উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৫ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৬ | মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র ঋণ আদায় নিয়মিত হচ্ছে, ৩টি ইউনিয়ন এর ভিজিডি উপকারভোগীদের মধ্যে নিয়মিত ৩০ কেজি করে খাদ্য শস্য (চাল) বিতরণ করা হয়েছে। তাছাড়া কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৭ | আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক, পরশুরাম শাখা | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, মাসিক সঞ্চয় আদায় ৮.৪০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় ১৬৮.৫৩ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৪৮৫.৩৭ লক্ষ টাকা, মাসিক ঋণ আদায় ৩৭.৯১ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১১৮২.১৯ লক্ষ টাকা। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br><br>বাস্তবায়নে: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আমার বাড়ী আমার খামার। |
| ১৯ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসে উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ২০৫৯২ জন। মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ১৫৬৬৯ জন। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) ৭৬.০৯% স্থায়ী পদ্ধতি ০৯ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইমপ্ল্যান্ট ৫৪ জন, আইইউডি ২৭ জন। অস্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মধ্যে ইনজেকশন ৪২ জন, খাবার বড়ি ৯৯ জন এবং কনডম ৪০ জন। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের মধ্যে প্রাতিষ্ঠানিক সেবা ৪০ জন, গর্ভবতী মায়ের সেবা ২৩৭ জন, প্রসব পরবর্তী সেবা ১০০ জন এবং নবজাতকের সেবা ১০৮ জন। ০৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১৯টি স্যাটেলাইট ক্লিনিকে মাঠ কর্মীদের বাড়ি পরিদর্শনের মাধ্যমে উক্ত সেবা প্রদান করা হয়, তাছাড়া কোভিড-১৯ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, বাল্য বিবাহ এবং পুষ্টি বিষয়ে জনগণকে অধিকতর সচেতন করা হয়। বাস্তবায়নে: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ২০ | পল্লীবিদ্যুৎ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ২১ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ৩০ পৌরসভা প্রকল্পের আওতায় ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট এর কাজ চলামান। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ২২ | "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" বাস্তবায়ন সংক্রান্ত | জনপ্রশাসন মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-২ শাখা, বাংলাদেশ সচিবালয় হতে প্রাপ্ত "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনার আলোকে স্বল্পমেয়াদী (তিন মাসব্যাপী), মধ্যমেয়াদী (বছরব্যাপী) এবং দীর্ঘমেয়াদী (চলমান) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মুজিব বর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" এর কার্যক্রম নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে: উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, মেয়র, পরশুরাম পৌরসভা, চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউ পি (সকল) ও উপজেলা পরিষদের সকল সরকারি দপ্তর। |
| ২৩ | বিবিধ | উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী এর মূল ভবনের পানির মটর ও পাইপ লাইন নষ্ট হওয়ায় স্থানীয় মিস্ত্রি মাধ্যমে নতুন পানির মটর, পাইপ ক্রয় করে ঠিক করা হয়েছে। যার ব্যয় মূল্য ২৪,৮০০/- (চব্বিশ হাজার আটশত) টাকা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ব্যয়কৃত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

| | | |
|---|---|---|
| ২৫ | মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে পরশুরাম উপজেলার সকল সরকারি দপ্তর ও স্থানীয় সরকার বিভাগের সকল প্রতিষ্ঠানসমূহকে মুজিববর্ষের বর্ষব্যাপী সকল কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের সকল সরকারি দপ্তর। |

২৬/০১/২২

কামাল উদ্দিন মজুমদার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পরশুরাম, ফেনী

স্মারক নং- ০৫.২০.৩০৫১.০০১.১৮.০০৫.২১- ৭৯

১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১
০২। সচিব, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। পরিচালক, ত্রাণ অধিদপ্তর, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৭। জেলা প্রশাসক, ফেনী
০৮। উপ-সচিব (উপজেলা শাখা), পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, ঢাকা
১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী
১১। জেলা ত্রাণ কর্মকর্তা, ফেনী
১২। ..........................................................পরশুরাম, ফেনী
১৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, পরশুরাম উপজেলা পরিষদ, ফেনী
১৪। অফিস কপি

২৬/১/২২

প্রিয়াংকা দত্ত
উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী

## ২৪ জানুয়ারি ২০২২

| | | |
|---|---|---|
| ০১ | জনাব শিরিন আক্তার<br>মাননীয় সংসদ সদস্য ফেনী-১ | |
| ০২ | জনাব কামাল উদ্দিন মজুমদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ০৩ | জনাব নিজাম উদ্দিন আহম্মেদ চৌধুরী<br>মেয়র, পরশুরাম পৌরসভা | |
| ০৪ | জনাব এনামুল করিম মজুমদার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | |
| ০৫ | জনাব আসমাতুন নাহার<br>মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | আসমাতুন নাহার ২৪/০১ |
| ০৬ | জনাব নুরুজ্জামান (ভুট্টু)<br>চেয়ারম্যান ০১ নং মির্জানগর ইউ. পি. | |
| ০৭ | জনাব জসিম উদ্দিন<br>চেয়ারম্যান ০৩ নং চিথলিয়া ইউ. পি. | |
| ০৮ | জনাব আব্দুল গফুর<br>চেয়ারম্যান ০৪ নং বক্স মাহমুদ ইউ. পি. | |
| ০৯ | জনাব রাহেলা আক্তার<br>সংরক্ষিত মহিলা সদস্য | Rahs ২৪.০১.২২ |

কর্মকর্তা বৃন্দ ২৪ জানুয়ারি ২০২২

| ক্রম | কর্মকর্তা | স্বাক্ষর |
| --- | --- | --- |
| | জনাব প্রিয়াংকা দত্ত<br>উপজেলা নির্বাহী অফিসার পরশুরাম ফেনী. | ২৪/১/২২ |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী. | ২৪/১/২২ |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী. | ২৪/১/২২ |
| ০৪ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | ২৪/০১/২০২২ |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | ২৪/১/২২ |
| ০৬ | উপজেলা প্রকৌশলী (LGED)<br>পরশুরাম, ফেনী, | 24.1.22 |
| ০৭ | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | 24.01.22 |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী. | |
| ০৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী. | 24.01.22 |
| ১০ | উপজেলা সমবায় কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | |

| | | |
|---|---|---|
| ১১ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | [signature] |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | [signature] |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | [signature] |
| ১৪ | উপ: সহকারী প্রকৌশলী, (জন স্বাস্থ্য)<br>পরশুরাম ফেনী. | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | [signature] |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী. | [signature] |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | [signature] |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | [signature] |
| ১৯ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক<br>পরশুরাম, ফেনী. | [signature] |
| ২০ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী | [signature] 24.01.22 |